

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৯২

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

ٱلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ سَعْدَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: دَعْوَةُ ذِي النُّونِ إِذَا دَعَا رَبَّهُ وَهُوَ فِي بَطْنِ الْحُوتِ (لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظالمينَ) لَمْ يَدْعُ بِهَا رَجُلٌ مُسْلِمٌ فِي شَيْءٍ إِلاَّ استجابَ لَهُ . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِي

বাংলা

২২৯২-[৬] সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মাছওয়ালা নবী ইউনুস (আঃ) মাছের পেটে গিয়ে যখন দু'আ পড়েছিলেন তা হলো এই ''লা- ইলা-হা ইল্লা- আন্তা সুবহা-নাকা ইন্নী কুনতু মিনায্ যোয়া-লিমীন'' অর্থাৎ- ''তুমি ছাড়া প্রকৃতপক্ষে কোন মা'বূদ নেই। তুমি পবিত্র, আমি হচ্ছি যালিম বা অত্যাচারী অপরাধী''- (সূরা আম্বিয়া ২১:৮৭)।

যে কোন মুসলিমই যে কোন ব্যাপারে এ দু'আ পাঠ করবে, তার দু'আ নিশ্চয়ই গৃহীত হবে। (আহমদ, তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ৩৫০৫, আহমাদ ১৪৬২, মুসতাদারাক লিল হাকিম ১৮৬২, শু'আবূল ঈমান ৬১১, আল কালিমুত্ব তুইয়্যিব ১২৩, সহীহ আতৃ তারগীব ১৬৪৪, সহীহ আল জামি' ৩৩৮৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلاَ استجاب) অর্থাৎ- আল্লাহর নাবী ইউনুস (আঃ) মৎস পেটে বসে যে দু'আটি করেছিলেন তার মাধ্যমে,



वर्शा९- يَا إِلٰهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ إِنِّى كُنْتُ مِنَ الظَّالِمِيْنَ এর মাধ্যমে কেউ দু'আ করে তার দু'আ আল্লাহ কবূল করে निবেন।

জনৈক ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশ্ন করেছিলেন, হে আল্লাহর নাবী! এ দু'আটি ইউনুস (আঃ)-এর জন্য খাস বা নির্দিষ্ট ছিল? তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি কি কুরআন পড়োনি? যেখানে আল্লাহ বলেছেনঃ

وَنَجَّيْنَاهُ مِنَ الْغَمِّ وَكَذٰلِكَ نُنْجِي الْمُؤْمِنِيْنَ

"আমি তাকে মুক্তি দিলাম এমনিভাবে আমি মু'মিনদেরকে মুক্তি দিয়ে থাকি।" (সূরা আল আম্বিয়া ২১ : ৮৮) অর্থাৎ- দু'আটি আল্লাহর নাবী ইউনুস (আঃ)-এর জন্য খাস বা নির্দিষ্ট নয় তা সমস্ত মু'মিনের জন্য প্রযোজ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন